গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২৪৭/২০১৮-২০১৯
ঢাকা, ১৮ জুন মঙ্গলবার ২০১৯, ৪ আষাঢ় ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। তাসখন্দে রাষ্ট্রপতির মসজিদ ও জাদুঘর পরিদর্শন
২। ট্যারিফ কমিশন আইনের খসড়া মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদন
৩। সংসদে ১৫ হাজার ১৬৬ কোটি ১৮ লাখ ৫৪ হাজার টাকার সম্পূরক বাজেট পাস
৪। বাংলাদেশের উন্নয়নে বিশ্ব অবাক, যেখানেই যাচ্ছি কদর পাচ্ছি :
সম্পূরক বাজেটের ওপর সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী
৫। বিপণন পর্যায়ে ২৫ থেকে ৩০ ভাগ শাকসবজি ও ফলমূল নষ্ট হয় : সংসদে কৃষিমন্ত্রী
৬। সড়ক-বাঁধের পাশে গাছ লাগানো হচ্ছে : সংসদে পরিবেশমন্ত্রী
৭। ১৮ বিদেশী ট্রাভেল এজেন্সির কাছে বিমানের পাওনা ২০ কোটি টাকা : সংসদে পর্যটন প্রতিমন্ত্রী
৮। আদালত খালেদা জিয়ার জামিন দিলে সরকার হস্তক্ষেপ করবে না : সেতুমন্ত্রী
৯। কৃষি যান্ত্রিকীকরণ সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে সরকার : কৃষিমন্ত্রী
১০। হাইটেক পার্কে বিনিয়োগকারীদের কর মওকুফসহ
বিভিন্ন ধরনের প্রণোদনা দেওয়া হচ্ছে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী
আইসিটির উন্নয়নে বাংলাদেশের সঙ্গে কাজ করবে জাপানের ফুজিৎসু
১১। চট্টগ্রাম বন্দরের বহুমুখী ব্যবহারে দুই দেশের আর্থিক উন্নতি সম্ভব :
বন্দর নগরীতে ভারতীয় হাইকমিশনার
১২। উপজেলা পরিষদের পঞ্চম ও শেষ ধাপের ২৩ উপজেলায় ভোট আজ
১৩। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ৭ উইকেটে বাংলাদেশের জয় : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

চলমান পাতা-২

১। **তাসখন্দে রাষ্ট্রপতির মসজিদ ও জাদুঘর পরিদর্শন**

মধ্য এশিয়ার দুই দেশ তাজিকিস্তান ও উজবেকিস্তানে সাত দিনের সফরে থাকা রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে হাস্তি ইমাম মসজিদ, আমির তেমুর জাদুঘর ও উজবেকিস্তান টেক্সটাইল অ্যান্ড গার্মেন্টস ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন পরিদর্শন করেছেন। গতকাল (১৭ জুন সোমবার) সকালে হাস্তি ইমাম মসজিদ পরিদর্শনে যান রাষ্ট্রপতি। সেখানে তাঁকে অভ্যর্থনা জানান উজবেকিস্তানের উপ-প্রধানমন্ত্রী আবদুল হাকিমভ। রাষ্ট্রপতিকে এ মসজিদের বিভিন্ন ঐতিহাসিক ঘটনা সম্পর্কে তিনি অবহিত করেন। পরে রাষ্ট্রপতি স্থানীয় সময় দুপুর ১২টা ২০ মিনিটে আমির তেমুর জাদুঘর পরিদর্শন করেন। এখানে দেশটির জাতীয় টেলিভিশন চ্যানেলের এক সাংবাদিকের সঙ্গে সাক্ষাৎকারে রাষ্ট্রপতি উজবেকিস্তানের সঙ্গে বাংলাদেশের বিদ্যমান সম্পর্ক তুলে ধরেন। এ সময় তিনি আশা প্রকাশ করেন, আগামী দিনগুলোতে দুদেশের সম্পর্ক আরও জোরদার হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

২। **ট্যারিফ কমিশন আইনের খসড়া মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদন**

বাংলাদেশ ট্যারিফ কমিশন (সংশোধন) আইন, ২০১৯-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (১৭ জুন সোমবার) রাজধানীর তেজগাঁওস্থ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব বলেন, ১৯৭৩ সালে বঙ্গবন্ধুর সরকারের সময় প্রেসিডেন্সিয়াল অর্ডার দিয়ে এ ট্যারিফ কমিশনের যাত্রা শুরু হলেও ১৯৯২ সালে 'বাংলাদেশ ট্যারিফ কমিশন আইন, ১৯৯২' নামে এর জন্য একটি আইন প্রণয়ন করা হয়। পরে ব্যবসার–বাণিজ্যের ধরন বদলে যাওয়ার পরিপ্রেক্ষিতে মোটা দাগে চারটি বিষয়ের পরিবর্তন করে নতুন করে এ আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.ক.১)।

৩। **সংসদে ১৫ হাজার ১৬৬ কোটি ১৮ লাখ ৫৪ হাজার টাকার সম্পূরক বাজেট পাস**

চলতি ২০১৮-১৯ অর্থবছরের জন্য ১৫ হাজার ১৬৬ কোটি ১৮ লাখ ৫৪ হাজার টাকার সম্পূরক বাজেট জাতীয় সংসদে পাস হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি ব্যয় অনুমোদন দেওয়া হয়েছে নির্বাচন কমিশনের জন্য। বাজেটে কমিশনের চলতি অর্থবছরে দেওয়া বরাদ্দের অতিরিক্ত খরচ করা ২ হাজার ৪৪৭ কোটি ৮৮ লাখ ২৩ হাজার টাকার বৈধতা দেওয়া হয়েছে। ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) কেনা ও এ সংক্রান্ত প্রশিক্ষণ এবং একাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য কমিশন এ অতিরিক্ত অর্থ খরচ করেছে। আগামী ৩০ জুন সমাপ্য অর্থবছরে কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল থেকে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য অর্থমন্ত্রীর পক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৭ জুন সোমবার) সংসদে 'নির্দিষ্টকরণ বিল-২০১৯' উত্থাপন করেন। পরে বিলটি কণ্ঠভোটে পাস হয়। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ.ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.ক.৬)।

৪। **বাংলাদেশের উন্নয়নে বিশ্ব অবাক, যেখানেই যাচ্ছি কদর পাচ্ছি :**
**সম্পূরক বাজেটের ওপর সমাপনী বক্তৃতায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাজেট নিয়ে মিথ্যা তথ্য দিয়ে দেশের সাধারণ মানুষকে বিভ্রান্ত না করার আহ্বান জানিয়ে বলেছেন, অর্থনৈতিক ব্যবস্থাপনায় বাংলাদেশ যথেষ্ট দক্ষতার পরিচয় দিয়েছে বলেই উচ্চ প্রবৃদ্ধি অর্জনে বিশ্বের অনেক দেশের সঙ্গে আমরা তাল মিলিয়ে চলতে পারছি। সারাবিশ্ব আজ অবাক হচ্ছে। বাংলাদেশ বিশ্বের কাছে উন্নয়নের বিস্ময়। যেখানেই যাচ্ছি সে কদরটা পাচ্ছি। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (১৭ জুন সোমবার) জাতীয় সংসদ অধিবেশনে ২০১৮-১৯ অর্থবছরের সম্পূরক বাজেটের ওপর সমাপনী বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র **: জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৫। বিপণন পর্যায়ে ২৫ থেকে ৩০ ভাগ শাকসবজি ও ফলমূল নষ্ট হয় : সংসদে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক সংসদকে জানিয়েছেন, আলু ছাড়া দেশে বছরে প্রায় ৪০ লাখ টন শাকসবজি ও ৪৮ লাখ টন ফলমূল উৎপাদন হয়। দেশে প্রচুর শাকসবজি ও ফলমূল উৎপাদিত হলেও প্রযুক্তিগত জ্ঞান ও সংরক্ষণের অভাব এবং অব্যবস্থাপনার ফলে বিপণন পর্যায়ে প্রায় শতকরা ২৫ থেকে ৩০ ভাগ নষ্ট হচ্ছে। এ ক্ষতি কমাতে কৃষি বিপণন অধিদফতরের মাধ্যমে বেশকিছু কার্যক্রম বাস্তবায়িত হয়েছে এবং কিছু বাস্তবায়নাধীন। গতকাল (১৭ জুন সোমবার) সংসদে উপস্থাপিত এক প্রশ্নের জবাবে কৃষিমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.১)।

**৬। সড়ক-বাঁধের পাশে গাছ লাগানো হচ্ছে : সংসদে পরিবেশমন্ত্রী**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী মো. শাহাব উদ্দীন বলেছেন, তাপমাত্রা বৃদ্ধি রোধে বন অধিদফতরের আওতায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব বাজেটের আওতায় সড়ক, রেল ও বাঁধের পাশে প্রতি বছর গাছ লাগানোর কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। কর্মসূচির আওতায় চলতি অর্থবছরে বিভিন্ন সড়ক, রেল ও বাঁধের পাশের ১৩০০ কিলোমিটার বাগান সৃজন করা হচ্ছে। গতকাল (১৭ জুন সোমবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১)।

**৭। ১৮ বিদেশী ট্রাভেল এজেন্সির কাছে বিমানের পাওনা ২০ কোটি টাকা : সংসদে পর্যটন প্রতিমন্ত্রী**

বিদেশে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের তালিকাভুক্ত ট্রাভেল এজেন্সি রয়েছে ২ হাজার ১৮৬টি। এর মধ্যে ১৮টি এজেন্সির কাছে রাষ্ট্রায়ত্ত উড়োজাহাজ সংস্থাটির পাওনা রয়েছে ২০ কোটি ২ লাখ ৩৫ হাজার ৫৫৯ টাকা। গতকাল (১৭ জুন সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে এ তথ্য জানান বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

**৮। আদালত খালেদা জিয়ার জামিন দিলে সরকার হস্তক্ষেপ করবে না : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আদালত বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে জামিন দিলে সরকার কোনো হস্তক্ষেপ করবে না। গতকাল (১৭ জুন সোমবার) বঙ্গবন্ধু এভিনিউস্থ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের ৭০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের এক যৌথ সভায় তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, বর্তমান সরকার আদালতের স্বাধীনতার প্রতি শ্রদ্ধাশীল। তাঁকে (খালেদা জিয়া) শাস্তি দিয়েছে আদালত। জামিন দেওয়ার দায়িত্বও আদালতের। আমরা সবসময় আদালতকে সম্মান প্রদর্শন করি। আদালত জামিন দিতে চাইলে সরকারের আপত্তি নেই। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.ক.৮)।

**৯। কৃষি যান্ত্রিকীকরণ সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে সরকার : কৃষিমন্ত্রী**

কৃষি শ্রমিকের বড় একটি অংশ বিভিন্ন স্থানে স্থানান্তরিত হয়ে অন্য পেশায় নিয়োজিত হয়েছে। অনেকে হয়েছে শহরমুখী। শ্রমিক সঙ্কট ও কৃষি উৎপাদনশীলতা ধরে রাখতে হলে কৃষিতে যান্ত্রিকীকরণের বিকল্প নেই। এ ক্ষেত্রে কৃষকরা সমবায়ভিত্তিক কৃষিযন্ত্র ক্রয় করতে পারে। এসব যন্ত্র সম্পর্কে কৃষকদের যথাযথ প্রশিক্ষণ দিতে হবে। বিদেশী যন্ত্র আনা এবং সেসব যন্ত্রের খুচরা যন্ত্রাংশ আমাদের দেশে তৈরি করা যায় কিনা দেখতে হবে। শুধু দেশে উৎপন্ন যন্ত্র দিয়ে কৃষি যান্ত্রিকীকরণ সম্ভব না। গতকাল (১৭ জুন সোমবার) কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক রাজধানীর কৃষি গবেষণা কাউন্সিলের সভাকক্ষে কৃষি যন্ত্রপাতি সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **আলোকিত বাংলাদেশ** (পৃ.৩,ক.৫)।

**১০। হাইটেক পার্কে বিনিয়োগকারীদের কর মওকুফসহ**
**বিভিন্ন ধরনের প্রণোদনা দেওয়া হচ্ছে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী**
**আইসিটির উন্নয়নে বাংলাদেশের সঙ্গে কাজ করবে জাপানের ফুজিৎসু**

বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে মানবসম্পদ উন্নয়ন ও বিনিয়োগ আকর্ষণে একসঙ্গে কাজ করবে বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ ও জাপানের ফুজিৎসু রিসার্চ ইনস্টিটিউট। রাজধানীর একটি হোটেলে গতকাল (১৭ জুন সোমবার) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে জাপানের বাংলাদেশে বিনিয়োগ সম্ভাবনাবিষয়ক এক সংলাপ অনুষ্ঠানে বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ ও ফুজিৎসু রিসার্চ ইনস্টিটিউটের (এফআরআই) মধ্যে এ নিয়ে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়েছে। হাইটেক পার্কের ব্যবস্থাপনা পরিচালক হোসনে আরা বেগম এবং এফআরআইয়ের প্রেসিডেন্ট ও বাংলাদেশে আবাসিক প্রতিনিধি শিনজো কাগাওয়া এতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে উপস্থিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্‌মেদ পলক বলেন, বাংলাদেশের হাইটেক পার্কে বিনিয়োগের জন্য জাপানকে আমরা স্বাগত জানাই। হাইটেক পার্কে বিনিয়োগকারীদের কর মওকুফসহ বিভিন্ন ধরনের প্রণোদনা দেওয়া হচ্ছে। এছাড়া সরকারের পক্ষ থেকে যা যা করা দরকার, সেগুলো করব। তিনি আরো বলেন, জাপানিদের লোকবল দরকার। আমাদের প্রচুর মেধাবী তরুণ আছে। এ দুটিকে এক সূত্রে আনতে পারলে উভয় পক্ষই লাভবান হবে। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.৫), **যায়যায়দিন** (পৃ.৩,ক.২)।

**১১। চট্টগ্রাম বন্দরের বহুমুখী ব্যবহারে দুই দেশের আর্থিক উন্নতি সম্ভব :**
**বন্দর নগরীতে ভারতীয় হাইকমিশনার**

ভারতীয় হাইকমিশনার রিভা গাঙ্গুলী দাশ বলেছেন, চট্টগ্রাম বন্দরের বহুমুখী ব্যবহারের মাধ্যমে সেভেন সিস্টারসহ দুই দেশের জনগণের আর্থিক উন্নতি সম্ভব। চট্টগ্রাম বন্দর শুধু বাংলাদেশের নয়, পুরো অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখতে পারে। চট্টগ্রাম বন্দরের বহুমুখী ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা গেলে এ অঞ্চলে শ্রমবাজার, কর্মসংস্থান, পুঁজি বিনিয়োগ, অবকাঠামোগত উন্নয়ন এবং দু'দেশের জনগণের আর্থিক উন্নতি ঘটবে। চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সঙ্গে সাক্ষাৎকালে ভারতীয় হাইকমিশনার রিভা গাঙ্গুলী দাশ এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**১২। উপজেলা পরিষদের পঞ্চম ও শেষ ধাপের ২৩ উপজেলায় ভোট আজ**

দেশজুড়ে চলমান উপজেলা পরিষদের পঞ্চম বা শেষ ধাপের ২৩ উপজেলায় আজ ১৮ জুন মঙ্গলবার ভোট নেওয়া হচ্ছে। ২৩টি উপজেলার মধ্যে চারটিতে ইভিএম ব্যবহার করা হবে। নির্বাচন কমিশন সচিব মো. আলমগীর বলেছেন, নিরপেক্ষভাবে দায়িত্ব পালনের জন্য এবং সুষ্ঠু ঝুঁকিপূর্ণ এলাকায় অতিরিক্ত বিজিবি মোতায়েন করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৭)।

**১৩। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ৭ উইকেটে বাংলাদেশের জয় : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

ইংল্যান্ডের টন্টনে বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশ ৫১ বল হাতে রেখেই ৭ উইকেটের বিশাল ব্যবধানে পরাজিত করেছে ওয়েস্ট ইন্ডিজকে। প্রথমে ব্যাট করে নির্ধারিত ৫০ ওভারে ৮ উইকেটের বিনিময়ে ৩২১ রান তুলেছিল ওয়েস্ট ইন্ডিজ। জবাবে সাকিব-লিটনের দুর্দান্ত ব্যাটিংয়ে ৩ উইকেট হারিয়ে ৪১.৩ ওভারেই ৩২২ রান তুলে ফেলে বাংলাদেশ। সেইসঙ্গে বাংলাদেশের ওয়ানডে ইতিহাসে সর্বোচ্চ রান তাড়া করে জয়ের রেকর্ডও গড়ে। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে বাংলাদেশের এ বিজয়ে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বার্তায় বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **সমকাল :** দেশের নগর ও শিল্পাঞ্চলগুলোর সাথে সাথে ইটভাটার মতো স্থাপনার কারণে বায়ুদূষণ এখন গ্রামাঞ্চলেও ছড়িয়ে পড়ছে উল্লেখ করে বায়ুদূষণ প্রতিরোধে সমন্বিত কর্মপরিকল্পনার ওপর গুরুত্বারোপ।

খ. **জনকণ্ঠ :** সারাদেশে কৃষি শুমারির পাশাপাশি রাজধানীতে নাগরিক তথ্য সংগ্রহ ২০১৯ এর কার্যক্রম চলছে উল্লেখ করে এ উদ্যোগ নাগরিকদের নিরাপত্তায় সহায়ক হবে বলে মতপ্রকাশ।

গ. **সংবাদ :** পাহাড়ের পাদদেশে ঝুঁকির্পূণভাবে বসবাসকারীদের উচ্ছেদে পাহাড় ব্যবস্থাপনা কমিটিকে শক্তিশালী ও কার্যকর করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** শিশুখাদ্যে ভেজালরোধে এবার মাঠে নামছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের বিশেষ তদারকি সেল উল্লেখ করে সব ধরনের খাদ্যে ভেজালের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **ইনকিলাব :** দেশের অভ্যন্তর এবং উপকূলীয় বন্যা নিয়ন্ত্রণ ও শহররক্ষা বাঁধগুলো সংস্কারের ওপর গুরুত্বারোপ।

চ. **অবজারভার :** দেশের আন্তর্জাতিক বিমানবন্দরগুলোর নিরাপত্তা আরো জোরদার করার পরামর্শ।

ছ. **নিউ নেশন :** মাদকের বিরুদ্ধে সর্বাত্নক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ভেজালকারীদের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘আম-অর্থনীতি : নতুন খাত, নতুন সম্ভাবনা’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, আম উৎপাদন থেকে শুরু করে রফতানি প্রক্রিয়া পর্যন্ত যদি যথাযথ ও কার্যকরী উদ্যোগ নিয়মিতভাবে নেয়া সম্ভব হয় তবে আমাদের উন্নত জাতের সুস্বাদু আম বিদেশে রফতানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা উপার্জনের নতুন দুয়ার খুলে যাবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/ ৯.০০ঘন্টা